

💵 প্রশ্লোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

জুমু'আর সালাত ও খুৎবা পরিচ্ছেদ

২.২২ জুমু'আর সালাত ও খুৎবার বিধান জুমুআর দিন মসজিদের প্রত্যেক দরজায় দাঁড়িয়ে ফেরেশতারা অগ্রগামীদের নাম তালিকাভুক্ত করেন, মসজিদে কে প্রথম এল, এরপর কে এল, এ সিরিয়াল অনুযায়ী তারা মুসল্লীদের নাম ফেরেশতাদের খাতায় লিপিবদ্ধ করে থাকেন। আবু হোরায়রা (রা.) বর্ণিত এক হাদীসে রাসূলুল্লাহ (সা.) বলেছেন, "(প্রত্যেক) জুমু'আর দিন মসজিদের দরজায় ফেরেশতা এসে হাজির হয়। সেখানে দাঁড়িয়ে তারা সর্বাগ্রে আগমনকারীদের নাম লিখতে থাকে। প্রথম ভাগে যারা মসজিদে ঢুকেন তাদের জন্য উট, ২য় বারে যারা আসেন তাদের জন্য গরু, ৩য় বারে যারা আসেন তাদের জন্য ছাগল, ৪র্থ বারে যারা আসেন তাদের জন্য মুরগি ও সর্বশেষ ধেম বারে যারা আগমন করে তাদের জন্য ডিম কুরবানী বা দান করার পরিমাণ সওয়াব লিখে থাকেন। আর যখন ইমাম খুৎবা দেওয়ার জন্য মিম্বরে উঠে পড়েন তখন ফেরেশতারা তাদের এ খাতা বন্ধ করে খুৎবা শুনতে বসে যান।" (বুখারী: ৯২৯, ইফা: ৮৮২, আধুনিক: ৮৭৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=13021

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন